

Lecture no -12+13

বিষয়ঃ যুক্তিবিদ্যা

অধ্যায়-৩য়

পদের সংজ্ঞাঃ

পদের ইংরেজি প্রতিশব্দ **Term** যা উৎপত্তি হয়েছে ল্যাটিন শব্দ **terminus** থেকে যা **terminus** শব্দের অর্থ প্রান্ত বা শেষ। পরিভাষায়- বাক্যের উদ্দেশ্য বা বিধেয় হিসেবে ব্যবহৃত শব্দকে পদ বলে।

শব্দঃ

আমাদের চিন্তা, ইচ্ছা অনুভব করার কথিত ধ্বনি বা লিখিত চিহ্নকে শব্দ বলে।

পদ ও শব্দের মধ্যে পার্থক্য :

১, বাক্যের উদ্দেশ্য বা বিধেয় হিসেবে ব্যবহৃত শব্দকে পদ বলে। , ধ্বনি বা ধ্বনি সমষ্টিকে শব্দ বলে।

২, প্রত্যেকটি পদই শব্দ কিন্তু প্রত্যেকটি শব্দই পদ না।

৩, পদ দ্বারা কেবল চিন্তাকে বুঝায়, আবেগ অনুভূতিকে নয়। শব্দ দ্বারা আবেগ, অনুভূতি ও ইচ্ছাকে বুঝায়।

৪, একটি পদের কেবল একটি অর্থ থাকে কিন্তু একটি শব্দের একাধিক অর্থ হতে পারে।

৫, একটি যুক্তিবাক্যে দুটির অধিক পদ থাকেনা। কিন্তু একটি যুক্তিবাক্যে দু বা ততোধিক শব্দ থাকে।

০১

প্রশ্ন ১। শব্দ কখন পদে পরিণত হয়?— ব্যাখ্যা কর।

[ঢা. বো. '১৯; য. বো. '১৯; দি. বো. '১৬]

উত্তর: শব্দ যখন যুক্তিবাক্যের উদ্দেশ্য বা বিধেয় হিসেবে ব্যবহৃত হয় তখন পদে পরিণত হয়। একটি যুক্তিবাক্য উদ্দেশ্য সংযোজক বিধেয় আকারে গঠিত হয়। একটি যুক্তিবাক্যে অনেকগুলো শব্দ থাকে কিন্তু পদ থাকে মাত্র দুটি। প্রত্যেকটি পদ একাধিক শব্দ দ্বারা গঠিত হতে পারে। তাই শব্দ মাত্রই পদ নয়। যখন কোনো শব্দ বা শব্দসমষ্টি কোনো যুক্তিবাক্যের উদ্দেশ্য বা বিধেয় হিসেবে ব্যবহৃত হয় তখন সেটি পদ হয়। তাই বলা যায়, শব্দ কোনো যুক্তিবাক্যের উদ্দেশ্য বা বিধেয় হিসেবে ব্যবহৃত হলে পদে পরিণত হয়।

প্রশ্ন ২। 'শিক্ষক' ও 'শিক্ষার্থী' পদ দুটি কোন ধরনের? ব্যাখ্যা কর।

[স.বো. '১৯]

উত্তর: 'শিক্ষক' ও 'শিক্ষার্থী' পদ দুটি সাপেক্ষ পদ। যে পদ অন্যকোনো পদের সাহায্য ছাড়া স্বাধীনভাবে অর্থ প্রকাশ করতে পারে না তাকে সাপেক্ষ পদ বলে। অর্থাৎ সাপেক্ষ পদ অর্থের দিক থেকে স্বনির্ভর নয়। যেমন : 'শিক্ষক' ও 'শিক্ষার্থী' পদ দুটি পরস্পর নির্ভরশীল। কেননা 'শিক্ষক' বলতে কোনো শিক্ষার্থীর শিক্ষককে বোঝায়। আবার 'শিক্ষার্থী' বলতে কোনো শিক্ষকের শিক্ষার্থীকে বোঝায়। এভাবে সাপেক্ষ পদ অর্থ প্রকাশের জন্য অন্য পদের ওপর নির্ভরশীল থাকে। তাই বলা যায়, 'শিক্ষক' ও 'শিক্ষার্থী' পদ দুটি সাপেক্ষ পদ।